

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুক)

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৪১-আইন/২০০৭/২১৪০/শুক।- The Customs Act, 1969 (IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বাংলা মোতাবেক ৮ জুন, ২০০৬ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১১৬-আইন/২০০৬/২১০৮/শুক, এতদ্বারা বাতিলক্রমে, কাস্টমস্ ডিউটি আরোপকল্পে বিদ্যমান আমদানি নীতি আদেশ এ বিধৃত শর্তাবলী পালন সাপেক্ষে বাংলাদেশে আমদানিযোগ্য পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) মোটর গাড়ি ও যানবাহনের জন্য নিম্নরূপ ন্যূনতম মূল্য (minimum value) নির্ধারণ করিল, যথাঃ-

১। পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) গাড়ি জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত Yellow Book এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, Glass's Guide, Magazine Automobiles বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় মূল্য হইতে ৩০% বিয়োজন এবং সরাসরি গাড়ির গড় মূল্যের উপর অনুচ্ছেদ ২ এ বর্ণিত হারে বৎসর ভিত্তিক অবচয় প্রদান করিয়া প্রাপ্ত মূল্যঃ

তবে শর্ত থাকে যে, পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) গাড়ি হিসাবে বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের মধ্যকার সময়সীমা ন্যূনতম ১২০ (একশত বিশ) দিন হইতে হইবে এবং উহার প্রমাণস্বরূপ গাড়ি শুষ্কায়নকালে Registration Cancellation Certificate I Japan Auto Appraisal Institute কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স সংক্রান্ত সনদপত্র সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা স্টেশনে দাখিল করিতে হইবেঃ

আরো শর্ত থাকে যে, প্রথম রেজিস্ট্রেশনের তারিখ উলেখ না থাকিলে যে মাসে গাড়িটি প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছে সেই মাসের পরবর্তী মাসের প্রথম তারিখ রেজিস্ট্রেশনের তারিখ হিসাবে বিবেচনা করিতে হইবে। উল্লেখ্য, উক্তরূপ উভয় ক্ষেত্রে ১২০ (একশত বিশ) দিন সময়সীমা গণনার কালে রেজিস্ট্রেশনের তারিখটি এবং রেজিস্ট্রেশন বাতিলের তারিখটি দিন গণনা হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে না।

২। পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) মোটর গাড়ি ও যানবাহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে বৎসরভিত্তিক অবচয় হিসাব করা হইবে-

- (ক) প্রথম ১(এক) বৎসরের জন্য কোন অবচয় সুবিধা প্রযোজ্য হইবে না;
- (খ) ২(দুই) বৎসরের পুরাতন মোটর গাড়ি ও যানবাহনের জন্য ১০%;
- (গ) ৩(তিন) বৎসরের পুরাতন মোটর গাড়ি ও যানবাহনের জন্য ১৫%; এবং
- (ঘ) ৪(চার) বৎসরের পুরাতন মোটর গাড়ি ও যানবাহনের জন্য ২০% :

তবে শর্ত থাকে যে, বৎসর গণনার ক্ষেত্রে, সংশ্লিষ্ট গাড়ির চেসিস (Chassis) বুকে লিপিবদ্ধ গাড়ির

তৈরী সনকে প্রথম বৎসর হিসাবে গণনা করিতে হইবে এবং অবচয় প্রদানের ক্ষেত্রে ৩৬৫ দিনে ১ (এক) বৎসর গণনা করিতে হইবেঃ

আরো শর্ত থাকে যে, ঘোষিত মূল্য ন্যূনতম মূল্য অপেক্ষা বেশী হইলে অবচয় সুবিধা প্রদান না করিয়া ঘোষিত মূল্যে গুণায়ন করা হইবে।

০২। এই প্রজ্ঞাপণ ১ জুলাই, ২০০৭ খ্রীষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(বদিউর রহমান)  
সচিব।